JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/11/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো বাফেলোর অলব্রাইট-নক্স আর্ট গ্যালারি (ALBRIGHT-KNOX ART GALLERY) সম্প্রসারণ সমর্থনে আরো অতিরিক্ত 3.3 মিলিয়ন মার্কিন ডলার স্টেট তহবিলের ঘোষণা দিলেন

এটি পশ্চিম নিউ ইয়র্কের চলমান অর্থনৈতিক ও সাংস্কৃতিক রেনেসাঁর সম্পূরক

অলব্রাইট-নক্স সম্প্রসারণ প্রকল্পের রেন্ডারিং দেখুন এখানে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে ঘোষণা করলেন যে AK360 নামে পরিচিত 155 মিলিয়ন মার্কিন ডলার মূল্যমানের অলব্রাইট-নক্স গ্যালারি (Albright-Knox Gallery, AKG) সম্প্রসারণ প্রকল্পের সমর্থনে অতিরিক্ত 3.3 মিলিয়ন মার্কিন ডলার স্টেট তহবিল প্রদান করা হবে। সম্প্রসারিত জাদুঘরে, যেটি বাফেলো AKG শিল্প জাদুঘরে (Buffalo AKG Art Museum) পরিণত হবে, থাকবে পার্কের মতন ক্যাম্পাসে নতুন স্বাধীন ভবন এবং সাম্প্রতিক বছরগুলিতে পশ্চিম নিউ ইয়র্কে যেই অর্থনৈতিক ও সাংস্কৃতিক রেনেসাঁর সূত্রপাত হয়েছে তার সম্পূরক উন্নত প্রোগ্রামসমূহ।

"বহুল পরিচিত অলব্রাইট-নক্স আর্ট গ্যালারির সম্প্রসারণ উঠতি পশ্চিম নিউ ইয়র্ক অঞ্চলে আরো অতিথির আগমন ঘটাবে যারা এখানে আধুনিক ও কনটেম্পোরারি শিল্পের অনন্য সংগ্রহ উপভোগ করতে পারবে", **গভর্নর কুওমো বলেন।** "এই আকর্ষণীয় উদ্যোগটিকে সমর্থন করতে পেরে নিউ ইয়র্ক গর্বিত, এটি পুরো অঞ্চলের জন্য লাভজনক হবে এবং আমরা লোকহিতৈষী জেফরি গুন্ডলাককে ধন্যবাদ জানাচ্ছি কারণ তিনি সম্প্রসারণের জন্য স্টেটের সর্বশেষ তহবিলের সমান পরিমাণ ডলার প্রদান করেছেন।"

"অলব্রাইট-নক্স বাফেলোর সত্ত্বার কেন্দ্রের একটি অংশ, এবং এই গুরুত্বপূর্ণ সম্প্রসারণ উদ্যোগকে আরো সমর্থন করতে নিউ ইয়র্ক স্টেট এগিয়ে এসেছে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি বলেন, যিনি আজকের ঘোষণাপত্র পাঠ করেছেন।** "স্টেটের এই বিনিয়োগের মাধ্যমে, অলব্রাইট-নক্স বাফেলো ও পশ্চিম নিউ ইয়র্কের চলমান রূপান্তর প্রক্রিয়ার সর্বশেষ সংযোজন হয়ে উঠলো। শিল্প ও সাংস্কৃতিক প্রতিষ্ঠান অর্থনৈতিক বিকাশ ও পর্যটনের চালিকাশক্তি, এবং এই প্রকল্প পুরো অঞ্চলের চলমান পুনরুজ্জীবন প্রক্রিয়াকে সমর্থন করবে।"

AK360 প্রকল্পটি সরকারি ও বেসরকারি উভয় তহবিল দ্বারা সমর্থিত, এর মধ্যে রয়েছে সাংস্কৃতিক প্রতিষ্ঠানের জন্য বাফেলোর ইতিহাসের সর্বোচ্চ পরিমাণ একক ব্যক্তির বেসরকারি দানের ঘটনা। জেফরি গুন্ডলাক, একজন বাফেলোর স্থানীয় অধিবাসী, জাদুঘরের জন্য 52.5 মিলিয়ন মার্কিন ডলারের সমতুল্য তহবিল প্রদানের অঙ্গীকার করেছেন। প্রকল্পটি 18.3 মিলিয়ন মার্কিন ডলার মূল্যের ভাগ করা স্টেট তহবিল দ্বারাও সমর্থিত হচ্ছে। সম্পূর্ণ হওয়ার পর, অনুমান করা হচ্ছে যে AK360 এর পরিদর্শন 30 শতাংশ বৃদ্ধি পাবে - প্রতি বছর কমপক্ষে 160,000 অতিথি এটি পরিদর্শন করতে আসবে। এছাড়াও ধারণা করা হচ্ছে যে অঞ্চলটি বর্ধিত

পর্যটনের ফলে বার্ষিক অতিরিক্ত 10 মিলিয়ন মার্কিন ডলারের টেকসই অর্থনৈতিক কল্যাণ উপভোগ করতে পারে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) এর প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হাওয়ার্ড যেমস্কি বলেন, "এই রূপান্তরকারী অলব্রাইট-নক্স সম্প্রসারণ প্রকল্পটি বাফেলোর সামাজিক ও অর্থনৈতিক মূলধন বৃদ্ধি করবে, এর ফলে আসন্ন বছরগুলিতে পশ্চিম নিউ ইয়র্কের কল্যাণ হবে।"

অলব্রাইট-নক্স আর গ্যালারির পেগি পিয়ার্স এলভিন পরিচালক জ্যান সাইরেন বলেন, "AK360 এর জন্য গভর্নর কুওমোর অব্যাহত সমর্থন পেয়ে আমরা অতিশয় আনন্দিত। আমাদের রূপান্তরমূলক ক্যাম্পাস বিকাশ ও সম্প্রসারণ প্রকল্পে গভর্নরের উদার অতিরিক্ত বিনিয়োগ বাফেলোর চলমান রেনেসাঁকে আরো জোরদার করে, এতে বাফেলো AKG শিল্প জাদুঘর খুব বড় একটি ভূমিকা পালন করবে। গভর্নর কুওমো ও নিউ ইয়র্ক স্টেটের সমর্থনে, বাফেলো AKG শিল্প জাদুঘর হয়ে উঠবে পশ্চিম নিউ ইয়র্ক ও এর বাইরের বৈচিত্র্যময় মানুষের জন্য একটি উন্মুক্ত, অন্তর্ভুক্ত ও সহজলভ্য সংস্থান।"

জেফরি গুন্ডলাক বলেন, "সারা বিশ্বের পর্যটক ও অতিথিরা জাদুঘরকে শহরের সংস্কৃতির প্রতিফলন হিসেবে দেখে। বাফেলো AKG শিল্প জাদুঘর হবে বাফেলোর সৃজনশীলতা, প্রাণবন্ততা, এবং স্থিতিশীলতার একটি সাক্ষীস্বরূপ, কারণ বাফেলো হল বিশ্বমানের একটি শহর যেটি গভীর পুনরুত্থানের মধ্য দিয়ে যাচ্ছে। AK360 এর জন্য গভর্নর কুওমোর বিনিয়োগ হল AK360 প্রকল্প এবং বাফেলোর সাংস্কৃতিক ও নাগরিক জীবনের একটি ভিত্তি হিসেবে জাদুঘরটির ভূমিকার প্রতি আস্থা জ্ঞাপন।"

1862 সালে বাফেলো ফাইন আর্টস একাডেমি (Buffalo Fine Arts Academy) হিসেবে স্থাপিত হওয়া অলব্রাইট-নক্স আর্ট গ্যালারিতে রয়েছে আধুনিক ও কনটেম্পোরারি শিল্পের সুপরিচিত সংগ্রহ। এর আগে অলব্রাইট-নক্স দুইবার সম্প্রসারিত হয়েছে, 1905 সালে জাদুঘরের প্রাথমিক নির্মাণ এবং1962 সালে একটি নতুন অংশ যুক্ত করা হয়। তৃতীয় সম্প্রসারণ AK360 বিশেষ প্রদর্শনী ও অলব্রাইট-নক্স এর বিশ্বের সুপরিচিত শিল্প সংগ্রহ সাজানোর জন্য আরো 25,000 স্কয়ার ফিট স্থান যোগ করবে। OMA/সোহেই সিগেমাৎসু এর দ্বারা নকশাকৃত নতুন ভবটিতে থাকবে অতিথিদের জন্য বহু সুযোগ সুবিধা এবং এর চারপাশে একটি প্রমেনেড কল্পনা করা হচ্ছে যা ভবনের অভ্যন্তরকে দৃশ্যমানভাবে ফ্রেডেরিক ল ওমস্টেড ল্যান্ডস্কেপের (Frederick Law Olmsted landscape) সাথে যুক্ত করবে।

নকশাটি তৈরি করার পুরো প্রক্রিয়াজুড়ে, অলব্রাইট-নক্স/OMA দল নিউ ইয়র্ক স্টেটের ঐতিহাসিক সংরক্ষণ অফিস (New York's State Historic Preservation Office), বাফেলো সংরক্ষণ বোর্ডের (Buffalo Preservation Board) একটি কমিটি, এবং বাফেলো ওমস্টেড পার্ক সংরক্ষণের (Buffalo Olmsted Parks Conservancy) কর্মী ও পর্ষদ সদস্যের সাথে ক্রমাগত আলোচনা করেছে। পাশাপাশি, OMA বিশেষজ্ঞ সংরক্ষণ পরামর্শকদের সাথে কাজ করেছে এটি নিশ্চিত করার জন্য যে প্রাথমিক ধারণার নকশাটিকে নতুন পরিকল্পিত নকশায় রূপান্তর করার সময় যেন ঐতিহাসিক ভবনগুলিকে সংরক্ষণ করা যায়।

সম্প্রসারণ প্রকল্পের পরিকল্পনা হলঃ

- সেরা শিল্পকর্মের সংগ্রহ, যার আকার 1962 সালের শেষ সম্প্রসারণের পর থেকে চার গুণ বৃদ্ধি পেয়েছে, প্রদর্শনীর জন্য আরো বড় স্থানের ব্যবস্থা করা;
- বিশেষ প্রদর্শনীর জন্য সেরামানের ব্যবস্থা তৈরি করা;
- শিক্ষা, খাওয়াদাওয়া এবং বিশেষ জমায়েতের জন্য নতুন ও অপেক্ষাকৃত বলেও স্থানের ব্যবস্থা করে অতিথিদের অভিজ্ঞতা সমৃদ্ধ করা;
- ফ্রেডেরিক ল ওমস্টেডের ডেলাওয়্যার পার্কে (Frederick Law Olmsted's Delaware Park) জাদুঘরটির ক্যাম্পাস যুক্ত করা;
- একটি মাটির নিচের পার্কিং কাঠামো নির্মাণ করা এবং ভূগর্ভস্থ পার্কিং এর স্থানটিকে প্রাণবন্ত সবুজ খোলা স্থান ও জমায়েতের স্থানে পরিণত করা;
- এমউড অ্যাভিনিউ (Elmwood Avenue) থেকে ওমস্টেডের ডেলাওয়্যার পার্কে (Olmsted's Delaware Park) যাওয়ার জন্য জাদুঘরের ভেতর দিয়ে একটি পথ তৈরি করা, জাদুঘরের 1962 সালের ভবনের পূর্বপার্শ্বে একটি নতুন প্রবেশ ও বের হওয়ার পথ যোগ করা;
- 1962 সালের ভবনের খোলা আকাশের নিচের ভাস্কর্য বাগানকে (Sculpture Garden) ঢেকে দিয়ে নতুন অভ্যন্তরীণ টাউন স্কয়ারে (Indoor Town Square) পরিণত করা যাতে বছরের যেকোনো সময় এখানে পৌর অনুষ্ঠান হতে পারে, যা জাদুঘর ও প্রোগ্রাম চলাকালীন সময়ে কমিউনিটির জন্য বিনামূল্যে থাকবে;
- 1962 সালের ভবনের নিচের তলায় একটি নতুন শিক্ষা স্থান তৈরি করা; এবং
- একটি সিগনেচার সুদৃশ্য সেতু তৈরি করা যা নতুন ভবন ও 1905 সালের ভবনকে যুক্ত করে।

অ্যাসেম্বলি সংখ্যাগরিষ্ঠ নেতা ক্রিস্টাল দি. পিপলস-স্টোকস বলেন, "আপনাকে ধন্যবাদ গভর্নর কুওমো, আর আপনাকেও জেফরি গুন্ডলাক, আপনারা এই মুখ্য আঞ্চলিক সাংস্কৃতিক মূলধন প্রকল্পের জন্য আপনাদের অর্থনৈতিক অবদান দ্বিগুণ করে দিয়েছেন। অলব্রাইট নক্স আর্ট গ্যালারিতে বিশ্বের সুপরিচিত সংগ্রহ রয়েছে, এর মধ্যে অনেক কিছুই অতিথিরা কখনো দেখতে পায়নি কারণ প্রদর্শনীর স্থান সীমাবদ্ধ ছিল। শীঘ্রই এই সমস্যা আর থাকবে না। নিকট ভবিষ্যতে, নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি সংখ্যাগরিষ্ঠ সম্মেলন (New York State Assembly Majority Conference) তহবিল বৃদ্ধির ব্যাপারে নিজস্ব ঘোষণা প্রদান করবে।"

অ্যাসেম্বলি সদস্য শন রায়ান বলেন, "অলব্রাইট নক্স হল বাফেলোর একটি মূল্যবান সাংস্কৃতিক সম্পদ। এই বিনিয়োগের ফলে জাদুঘরের মহান লিগেসি চলমান থাকবে এবং এটি আগামী প্রজন্মগুলির জন্য এটি গন্তব্যে পরিণত হবে।"

অ্যাসেম্বলি সদস্য ক্যারেন ম্যাকম্যাহন বলেন, "বিশ্বের সবথেকে উদযাপিত শিল্পীকে ভালোবাসেন ও কদর করেন এমন সবার জন্য অলব্রাইটনক্স একটি প্রজ্বলিত শিখার মতো। এই নতুন লক্ষ্যে পৌঁছানোর মাধ্যমে, এটি নিশ্চিত হল যে এই অঞ্চলের পরিবারগুলির বেড়াতে আসা ও উপভোগ করার জন্য গ্যালারিটি একটি গন্তব্য হয়ে থাকবে।"

ইরি কাউন্টি নির্বাহী মার্ক সি. পোলনকারজ বলেন, "AK360 গত কয়েক দশকের মধ্যে কল্পনা করা বাফেলোর সব থেকে উচ্চাকাঙ্ক্ষী ও শ্বাসরোধকারী প্রকল্প এবং এটি অলব্রাইট-নক্স আর্ট গ্যালারিকে সারা বিশ্বে আরো বিশিষ্ট করে তুলবে। এই প্রকল্পের জন্য 5 মিলিয়ন মার্কিন ডলার প্রদানের প্রতিশ্রুতি দিতে পেরে ইরি কাউন্টি গর্বিত এবং আমি এই প্রকল্পের জন্য তার অতিরিক্ত অঙ্গীকারের জন্য গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাচ্ছি, এবং ইরি কাউন্টির ধন এই গ্যালারির প্রতি তার ভালোবাসা ও উদারতার জন্য জনাব গুন্ডলাককেও ধন্যবাদ জানাচ্ছি।"

বাফেলোর মেয়র বায়রন ডব্লিউ. ব্রাউন বলেন, "অলব্রাইট-নক্স-আর্ট গ্যালারির এই মাইলফলক সম্প্রসারণে আপনার অবদানের জন্য আপনাকে ধন্যবাদ গভর্নর কুওমো, এটি এমন একটি প্রকল্প যা নিশ্চিত করবে যে আগামী প্রজন্মগুলির জন্য বাফেলোর এই ধন একটি বিশ্বমানের ফ্যাসিলিটি হিসেবে টিকে থাকবে। ডিসেম্বর মাসে, সম্প্রসারিত গ্যালারিটিকে আমাদের ওমস্টেড-নকশাকৃত ডেলাওয়্যার পার্কের জন পরিকাঠামোর সাথে আরো ভালোভাবে যুক্ত করার জন্য আমি বাফেলো শহর (City of Buffalo) থেকে 2.5 মিলিয়ন মার্কিন ডলার প্রদানের প্রতিশ্রুতি দিয়েছি। AK360প্রচেষ্টার জন্য সরকারি বেসরকারি সমর্থন একটি বিশেষ সুবিধা এবং একইসাথে একটি বিশাল দায়িত্ব।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন